

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
(প্রশাসন শাখা)
www.doict.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৭.১৯.১০৪৪

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উপলক্ষে নির্বাহী কমিটির তালিকা প্রেরণ ও র্যালীতে অংশগ্রহণ সংক্রান্ত।


সূত্র: আইসিটি বিভাগের গত ০৩/১১/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ দেশে ও বিদেশে বর্ণাঢ্যভাবে ৩য় বারের মত “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উদ্‌যাপিত হবে। এবারের ডিজিটাল বাংলাদেশ দিবসের প্রতিপাদ্য “সত্য-মিথ্যার যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে”।

০২। আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি)-তে এ দিবসের মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। মন্ত্রিপরিষদ বিভাগের মাননীয় সদস্যবৃন্দ, মাননীয় সংসদ সদস্যবৃন্দ, বিদেশী কূটনৈতিকবর্গ, সরকারী/বেসরকারী পর্যায়ের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, দেশ-বিদেশী আইসিটি বিশেষজ্ঞ ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ মূল অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। মূল অনুষ্ঠানের পর ঐদিন বিকাল ০৩:০০ টায় ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে দিবসটিকে স্মরণীয় রাখার জন্য একটি মনোজ্ঞ কনসার্ট (কনসার্ট ফর ডিজিটাল বাংলাদেশ) অনুষ্ঠিত হবে। মূল অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি, শিক্ষার্থী ও সাধারণ জনগণ কনসার্টটি উপভোগ করবেন। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে আগামী ১২ ডিসেম্বর ২০১৯, বৃহস্পতিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আয়োজিত মূল অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আইসিটি সংগঠনগুলোকে নিম্নরূপভাবে নির্বাহী কমিটির তালিকা প্রেরণ করতে হবে।

| ক্রম | নাম | পদবী | কর্মস্থলের নাম ও ঠিকানা | বর্তমান ঠিকানা | জাতীয় পরিচয় পত্র নম্বর | মোবাইল নম্বর | ইমেইল ঠিকানা |
|------|-----|------|----------------------------|-------------------|-----------------------------|--------------|-----------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

০৩। এমতাবস্থায়, “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উপলক্ষে মূল অনুষ্ঠানে অংশগ্রহণের নিমিত্ত উল্লিখিত ছক অনুযায়ী নির্বাহী কমিটির তালিকা আগামী ২৩ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে dbd2019.secretariat@gmail.com ইমেইল ঠিকানায় প্রেরণ এবং দিবসের র্যালীতে (সংসদের দক্ষিণ প্লাজা হতে খামারবাড়ি মোড় পর্যন্ত) সময় (সকাল ০৭:৩০ - সকাল ০৮:৩০) উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


০২/১১/১৯
মুনাল কান্তি দেব

অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল
সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ও

আহ্বায়ক, ভেন্যু, ইভেন্ট, কনসার্ট ও
আপ্যায়ন ব্যবস্থাপনা উপ-কমিটি
ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯

বিতরণ:

- ১। সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) (২০০জনকে র্যালীতে প্রেরণের অনুরোধসহ-নিজস্ব প্লেকার্ডসহ)।
- ২। সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস) (২০০জনকে র্যালীতে প্রেরণের অনুরোধসহ-নিজস্ব প্লেকার্ডসহ)।
- ৩। সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কল সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্স) (১০০জনকে র্যালীতে প্রেরণের অনুরোধসহ-নিজস্ব প্লেকার্ডসহ)।
- ৪। সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (আইএসপিএবি) (১০০জনকে র্যালীতে প্রেরণের অনুরোধসহ-নিজস্ব প্লেকার্ডসহ)।
- ৫। সভাপতি, ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব) (৫০জনকে র্যালীতে প্রেরণের অনুরোধসহ-নিজস্ব প্লেকার্ডসহ)।
- ৬। সভাপতি, বাংলাদেশ ওমেন ইন টেকনোলজি (বিডাব্লিওআইটি) (৫০জনকে র্যালীতে প্রেরণের অনুরোধসহ-নিজস্ব প্লেকার্ডসহ)।
- ৭। সভাপতি, এসোসিয়েশন অব মোবাইল টেলিকম অপারেটরস অব বাংলাদেশ (এমটব) (২০০জনকে র্যালীতে প্রেরণের অনুরোধসহ-নিজস্ব প্লেকার্ডসহ)।

